



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ নজরুল ইসলাম-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সুনী আক্বাছিয়া উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব মোঃ নজরুল ইসলাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।  
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ নজরুল ইসলাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা- (১) সহকারী শিক্ষক নিয়োগে নিয়োগ সংক্রান্ত কোন বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশিত হয়নি, (২) শিক্ষকতার অভিজ্ঞতার ৭ বছর ৭ মাস অথচ প্রধান শিক্ষকের সীল ও পদবী ব্যবহার করা, (৩) প্রধান শিক্ষকের সীল ও পদবী ব্যবহার করে ৮ জন শিক্ষক ও ১ জন অফিস সহকারী নিয়োগ, (৪) নিয়োগপ্রাপ্তদের নিকট হতে ৬,২০,০০০/- (ছয় লক্ষ বিশ হাজার) টাকা গ্রহণ করে নিজেই আত্মসাৎ, (৫) প্রধান শিক্ষকের সীল ও পদবী ব্যবহার করে সহকারী শিক্ষক পদে সরকারি কোষাগার হতে ৮,১৬,৭৩০/- (আট লক্ষ ষোল হাজার সাতশত ত্রিশ) টাকা বিধিবিহীনভাবে উত্তোলন, (৬) জেলা পরিষদের ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উত্তোলন করে নিজেই আত্মসাৎ করা ইত্যাদি কারণে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উক্ত বরখাস্ত আদেশের বিরুদ্ধে মহামান্য আদালতে মামলা চলমান রয়েছে বিধায় কার্যতালিকা থেকে বাদ দেয়া হলো।

এমতাবস্থায়, উক্ত মামলা নিষ্পত্তি হওয়ার পর চূড়ান্ত বরখাস্তের বিষয়ে বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি

সুনী আক্বাছিয়া উচ্চ বিদ্যালয়

পোঃ- সুনী, উপজেলা- বাসাইল


জেলা- টাঙ্গাইল।

মেমো নং- ১২১৭ (৪)

তারিখ : ২২/১২/১৯

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সুনী আক্বাছিয়া উচ্চ বিদ্যালয়।
- ২। মোঃ নজরুল ইসলাম, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), সুনী আক্বাছিয়া উচ্চ বিদ্যালয়।
- ৩। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। অফিস কপি।

  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

  
২২/১২/১৯